-২-

ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (আরএপিপি)'র কপি।
(২) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় Medical equipment ক্রয়ের নিমিত্তে তৈরীকৃত Specification.
(৩) দর সংগ্রহের জন্য স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৫৫.২০২৪.১৯৫/১; তারিখঃ ১৬/০৫/২০২৪ইং।
(৪) M/S Al-Amin International হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৯/০৫/২০২৪ইং।
(৫) মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৯/০৫/২০২৪ইং।
(৬) RHR International হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ২০/০৫/২০২৪ইং।
(৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামুলক বিবরণী।
(৮) প্রস্তুতকৃত প্রাক্কলন।

ক্রমিক নং-০১ হতে ০৮ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগাটি ৬০একর জায়গার উপর বিস্তৃত। পয়ঃশোধনাগারটির আওতায় SLS -১টি, STP-৫০০এমএলডি/দৈনিক, Trunk Main Line-4.8km (Dual), Office Building, Blower Building, SDIP Building, Repair and Storage Building ইত্যাদি বিদ্যমান রয়েছে। বর্তমানে আলোচ্য পয়ঃশোধনাগারে প্রায় ১৫০জন কর্মকর্তা-কর্মচারী কর্মরত রয়েছে। পয়ঃশোধনাগারটির অপারেশন কার্যক্রম ২৪ ঘন্টা চলমান থাকে। পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রমের সময় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন ধরনের Injury হয়। ফলে Injury হওয়া কর্মকর্তা-কর্মচারীদের সাময়িক On field Physical Treatment প্রদান করার প্রয়োজন হয়। সেপ্রেক্ষিতে আলোচ্য পয়ঃশোধনাগারে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের On field Physical Treatment দেওয়ার লক্ষ্যে কিছু মেডিকেল উপকরনাদী জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে Medical Equipment ক্রয়ের লক্ষ্যে ১টি Specification তৈরী করা হয়েছে (ক্রমিক নং-২ দ্রঃ)। Specification অনুযায়ী স্থানীয় বাজার হতে Medical Equipment ক্রয়ের লক্ষ্যে ৩টি সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করে একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ৩, ৪, ৫ ও ৬ দ্রঃ)। প্রাপ্ত একক দরের ভিত্তিতে একটি তুলনামুলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৭ দ্রঃ)। তুলনামুলক বিবরণী হতে দেখা যায় যে, M/S Al-Amin International উক্ত Medical Equipment এর সর্বনিম্ন একক দর দাখিল করেছে। সর্বনিম্ন দরের আলোকে আলোচ্য পয়ঃশোধনাগারের অনুকূলে Medical Equipment ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৮দ্রঃ)। সর্বমোট প্রাক্কলিত মূল্য ১,৯৭,৩৯৪.০০ (এক লক্ষ সাতানব্বই হাজার তিনশত চুরানব্বই টাকা) মাত্র।

০৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের On field Physical Treatment প্রদানের লক্ষ্যে Medical Equipment ক্রয়ের জন্য "Procurement of medical equipment such hospital bed, first aid box, necessary medicine etc. of Dasherkandi STP" কাজটি M/S Al-Amin International এর মাধ্যমে PPR-2008 এর ৭৬(১)(ট) অনুযায়ী সম্পন্ন করার লক্ষ্যে ১,৯৭,৩৯৪.০০ (এক লক্ষ সাতানব্বই হাজার তিনশত চুরানব্বই টাকা) (VAT ও IT সহ) টাকার অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৪ হতে নির্বাহ করা হবে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

21/05/2024
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE/CE

22/05/2024
মনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SDE
21-05-24
রাজীব আহমেদ
উপ-বিভাগীয় প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

Ok.
23/5/2024
মোঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।

21/05/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

CE

DMD (O&M)/MD 22.5.24